গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।

## উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশখালী।
সভার তারিখ ঃ ১২.০৯.২০২৩ খ্রিঃ।
সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভার কর্মসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর), মহেশখালী বলেন, গত ১৬.০২.২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী জরাজীর্ণ ডরমেটরী ভবনটি পরিত্যাক্ত ঘোষণা করা হয়। অত্র উপজেলা পরিষদের ডরমেটরী ভবনটি পরিত্যক্ত ঘোষণা করতঃ ২,১৪,৩৩০.০০ টাকার প্রাক্কলন অনুযায়ী নিলামে বিক্রির মূল্য নির্ধারণের বিষয়ে সভাকে অবহিত করেন। | ডরমেটরী ভবনটি পরিত্যাক্ত ঘোষণা এবং নিলাম মূল্য ২,১৪,৩৩০.০০ (দুই লক্ষ চৌদ্দ হাজার তিনশত ত্রিশ) টাকা অনুমোদনসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জেলা কনডেমনেশন কমিটি, কক্সবাজার এর বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br>২। উপজেলা প্রকৌশলী, মহেশখালী। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (ত্রাণ শাখা), মহেশখালী, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর/কাবিখা কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ের নন-সোলার/উন্নয়ন খাতের বরাদ্দ পাওয়া গেছে। বন্টন অনুযায়ী প্রকল্পের তালিকা দাখিলের বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অবহিত করেন। | দ্রুত প্রকল্প তালিকা সংগ্রহ করতঃ জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের বরাবরে প্রেরণ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালী বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দপ্তরের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালী বলেন, সকল প্রকার ভাতাভোগীর ভাতা তাদের নিজ নিজ মোবাইল একাউন্ড (নগদ) এর মাধ্যমে পরিশোধ করা হয়। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দপ্তরের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা সমাজসেবা কর্মকতা,মহেশখালী। |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশখালী বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দপ্তরের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশখালী-কে অনুরোধ করা হল। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা শিক্ষা কর্মকর্তা, মহেশখালী জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা সমবায় কর্মকর্তা, মহেশখালী জানান, মুজিবর্ষের ঘরে বসবাসরতদের সমবায় সমিতির আওতায় আনার বিষয়ে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা, মহেশখালী। |

| | | |
|---|---|---|
| উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য অধিদপ্তর), মহেশখালী জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মহেশখালী-কে অনুরোধ করা হল। | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), মহেশখালী। |
| উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালী বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালী-কে অনুরোধ করা হল। | উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা স্বাস্থ্য ও পবিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালী জানান, হাসপাতালে নরমাল ডেলিভারী কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে পাইলস ও হার্নিয়া রোগের চিকিৎসাও শুরু হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পবিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও পবিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালী। |
| রেঞ্জ কর্মকর্তা, মহেশখালী রেঞ্জ বলেন, সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের বক্তব্য জানা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য রেঞ্জ কর্মকর্তা, মহেশখালী রেঞ্জ-কে অনুরোধ করা হল। | রেঞ্জ কর্মকর্তা, মহেশখালী রেঞ্জ। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মহেশখালী জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মহেশখালী'র প্রতিনিধি বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,মহেশখালী। |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মহেশখালী সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের বক্তব্য জানা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মহেশখালী-কে অনুরোধ করা হল। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,মহেশখালী। |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী'র প্রতিনিধি বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী। |
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালী জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা,মহেশখালী। |
| চেয়ারম্যান, কুতুবজোম ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, কুতুবজোম ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, কুতুবজোম ইউপি। |
| চেয়ারম্যান, ধলঘাটা ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, ধলঘাটা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ধলঘাটা ইউপি। |
| চেয়ারম্যান, মাতারবাড়ী ইউনিয়ন পরিষদ জানান, মাতারবাড়ী স্বাস্থ্য কমপ্লেক্সে একজন এমবিবিএস ডাক্তার দেয়ার বিষয়ে সভা অনুরোধ করেন।<br>তিনি বলেন, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা প্রাপ্ত কোন ব্যক্তি মৃত্যুবরণ করে, সেই ভাতাভোগী প্রতিস্থাপনের সময় যেন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবগত করা হয় মর্মে সভাকে অবহিত করেন। | মাতারবাড়ী স্বাস্থ্য কেন্দ্রে এমবিবিএস ডাক্তার দেয়ার বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পবিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল।<br>বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা প্রতিস্থাপনের সময় যেন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবগত করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ হল। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পবিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালী।<br>০২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালী। |
| চেয়ারম্যান, শাপলাপুর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, শাপলাপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, শাপলাপুর ইউপি। |
| চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউপি। |
| চেয়ারম্যান, বড় মহেশখালী ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, বড় মহেশখালী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বড় মহেশখালী ইউপি। |

| | | |
|---|---|---|
| চেয়ারম্যান, হোয়ানক ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, হোয়ানক ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, হোয়ানক ইউপি। |
| চেয়ারম্যান, কালারমারছড়া ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নে একটি খাদ্য গুদাম রয়েছে, এটিকে সংস্কার/মেরামত করে ব্যবহারের উপযোগী করে যাতে মাতারবাড়ী, কালারমারছড়া, হোয়ানক ও তাঁর ইউনিয়নের সরকারী/বেসরকারী যাবতীয় ত্রাণ সামগ্রী কালারমারছড়া খাদ্য গুদাম থেকে সংগ্রহ করে নিতে পারেন সে বিষয়ে সভাকে অবহিত করেন। | কালারমারছড়া খাদ্য গুদামটিকে সংস্কার/মেরামত করে ব্যবহারের উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহেশখালী। |
| উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভায় জানান যে, অত্র উপজলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে ব্যবহারের জন্য আসবাবপত্র ও আলমারী ক্রয়ের বিষয়ে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের আবাসিক এলাকার বাসাসমূহের ড্রেইন ও আগাছা পরিষ্কার-পরিছন্ন করার বিষয়েও সভাকে অবহিত করেন। | আসবাবপত্র ও আলমারী ক্রয় এবং ও ড্রেইন ও আগাছা পরিষ্কার-পরিছন্ন করার অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী। |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী বলেন, অত্র উপজেলা পরিষদে ন্যাস্ত দপ্তরসমূহ ও ইউপি চেয়ারম্যানগণকে আবশ্যিকভাবে কার্যপত্র প্রেরণ করার জন্য অনুরোধ করেন। কার্যপত্র ব্যতিরেকে কোন বিষয় আলোচনার জন্য গ্রহণযোগ্য হবে না মর্মে সভাকে অবহিত করেন। | প্রত্যেক মাসের সভা অনুষ্ঠিত হবার অন্তত ০১ (এক) দিন পূর্বে আবশ্যিকভাবে কার্যপত্র প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ হল। | ০১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)।<br>০২। চেয়ারম্যান (সকল), ইউপি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ শরীফ বাদশা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৪৯.০০০.০৭.০১.২০২৩-১৮৭ তারিখঃ ১২.০৯.২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য-

০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০২ (মহেশখালী-কুতুবদিয়া)।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/পাউবো, কক্সবাজার।
০৬। উপজেলা ...................................................... কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
০৭। জনাব ........................................................................................
০৮। অফিস নথি।

(মীকি মারমা)
উপজেলা নির্বাহী অফিসার
মহেশখালী, কক্সবাজার।